191	Nyayadarshane Srikanthatippanakam (A Commentary on the Major Nyaya texts) of Srikanthacharya, edited by Anantalal Thakur, 1986. (BI - 313)

PUBLICATION

Sl. No.	Name, Author, Year of publication
192	Nyayasutras with Nyayarahasya of Ramabhadra Sarvabhauma and Anviksiki-Tattvavivarana of Janakinatha Cudamani, 2003. (BI - 324)
193	Octavio Paz on India : A Study in Hispanic Orientalism, by Jyoti Ghosh. (Mono - LXXIII)
194	On Interpreting India's Past, by Amartya Sen, 1996.
195	Order/Disorder in Asia, edited by Rila Mukherjee, 2022.
196	Origin and Development of Sanskrit Metrics, by Arati Mitra, 1989. (Mono - XXVIII)
197	Pandit Iswarchandra Vidyasagar, by France Bhattacharya, 2019. (Mono - LXX)
198	Pandit Mrityunjay Vidyalkar Prabandhavali, edited by Asit Kumar Bandyopadhyay, 1995.
199	Papers on the Ayurvedic Studies, edited by Brahmananda Gupta, 2006.
200	Persian Studies under the Sultans of Bengal, by Ghulam Sarwar, 2017. (Mono - LXIV)
201	Poetry and Compositional Structure of the Sanskrit Narrative Supriya Sarthavaha Jataka in Bhadrakalpavadana, edited by Soma Basu (Sikdar) and Nicholas Kazanas, 2022. (BI -342)
202	Polarisation of Ionospherically Propagated Radio Waves, by S. R. Khastgir, 2004.
203	Population, Environment and Food Security, by M. S. Swaminathan, 1999.
204	Prabuddha Bharat – Understanding Ambedkar in the Passage of Time, edited by Arun Bandopadhyay, 2020.
205	Prakrita Bhugol, by Rajendralala Mitra, 2023.
206	Problems and Prospects of Sixth Schedule : Towards Tribe Autonomy and Self-Governance, edited by Vulli Dhanaraju, 2022.
207	Proceedings of The Asiatic Society, Vol. II, 1801-1816, compiled and edited by P. T. Nair, 1995.
208	Proceedings of The Asiatic Society, Vol. III, 1817-1832, Book One, compiled and edited by P. T. Nair, 1996.
209	Proceedings of The Asiatic Society, Vol. III, 1817-1832, Book Two, compiled and edited by P. T. Nair, 1996.
210	Proceedings of The Asiatic Society, Vol. IV, 1833-1841, Book One, compiled and edited by P. T. Nair, 1999.

PUBLICATION

Sl. No.	Name, Author, Year of publication
211	Proceedings of The Asiatic Society, Vol. IV, 1833-1841, Book Two, compiled and edited by P. T. Nair, 2000.
212	Prolegomena to Prakritica et Jainica, edited by Satya Ranjan Banerjee, 2005.
213	Prthvirajavijayamahakavya, edited with Notes by Sanjit Bhattacharya, 2003. (BI - 323)
214	Punjab and Awadh, 1858-1887, by Chhanda Chattopadhyay, 1999.
215	Pyarichand Mitra : Karma O Srijan, edited by Syamal Chakrabarti, 2023.
216	Rabindrakavye Itihas-carana : Aitihyachetana O Adhunikata, by Subhas Chandra Bandyopadhyay, 2019. (Mono - LXIX)
217	Rabindranath Tagore and His World Windows – A Symphony in Poems, translated into English by Bela DuttGupta, 2005.
218	Rabindranath Tagore and Patrick Geddes, by Arunendu Banerjee, 2005.
219	Rabindranath Tagore on the Ramayana and the Mahabharata, by Bhabatosh Dutta, 1995.
220	Rajendralala Mitra, by Syamal Chakrabarti, 2022.
221	Rasagangadhara, edited by Chinmoyee Chatterjee, 1992. (BI - 316)
222	Remembering Rajendralala Mitra, 2022.
223	Research Transaction, Vol. I, 1995.
224	Research Transaction, Vol. II, 1998.
225	Rock Art Studies in India – A Historical Perspective, Somnath Chakraverty, 2003. (Mono - XXXVIII)
226	Russia (USSR) after Stalin, by Zafar Imam, 1998.
227	Russian Artists in India, by Ekaterina Zozulya, 2004.
228	Russo-Indian Relations in the Nineteenth Century, English Translation, by Purabi Roy, 1999.
229	S. N. Bose : A Centenary Tribute, 1995.
230	Sadeq Hedayat – Among Indians, edited by Mahmood Alam, 2020.
231	Sangita Damodara, translated into Bengali by Mahua Mukherjee, 2009. (BI - 334)
232	Sannipata Candrika, edited by Brahmananda Gupta and Abichal Chattopadhyay, 2021. (BI - 341)
233	Sanskrit and Modern Medical Vocabulary, by Asoke Bagchi, 2002. (Mono - XXXVI)

Sl. No.	Name, Author, Year of publication
234	Saontal Lokakatha, edited by Kumar Rana and Soumitrasankar Sengupta, 2022.
235	Saraswati : The River par Excellence, edited by S. K. Acharyya, Kunal Ghosh and Amal Kar, 2020.
236	Sarvadarshana Samgraha, by Madhavacharya, edited by Pandit Iswarchandra Vidyasagar, with English translation by E. B. Cowell & A. E. Gough, with an Introduction by Subuddhi Charan Goswami, 2019.
237	Sattabader Prekshite Kierkegaard, Rabindranath O Sartre, by Santwana Majumdar, 2012. (Mono - LVI)
238	Sciences and Methods, edited by Bijoy Mukherjee and Rajkumar Raychaudhuri, 2015.
239	Secular Architecture in Classical Vastu Text, by Anasuya Bhowmik, 2021.
240	Sedentary Games of India, edited by Nirbed Ray and Amitabha Ghosh, 1999.
241	Sedentary Games of India, revised and enlarged edition, edited by Nirbed Ray and Amitabha Ghosh, 2019.
242	Selected Correspondence of The Asiatic Society, compiled by Manjula Chowdhury, 2017.
243	Senescence in India, edited by Tulika Sen, 2013.
244	Simantararhi O Jharkhandi Banglar Gramin Sabdakosh, by Sudhir Kumar Karan, 2002.
245	Sir William Jones-er Patrabali, translated into Bengali by Amita Chakraborty, 2016.
246	Social and Political Ideas of M. N. Roy, by Nirmal Chandra Bhattacharyya, 2001.
247	Sociology and Unpredictability in the Growth of Science and Technology by Charles Hard Townes, edited by Jyotirmay Dutta, 2002.
248	Sri Sri Chaitanyacharitamrita, Kalna Edition, by Krishnadas Kaviraja, [1891 not by The Asiatic Society], 2008,
249	Studies in Gandhism : A Selection, by Nirmal Kumar Bose, with an Introduction by Prasanta Ray, 2019.
250	Studies in History of Sciences, edited by Santimay Chatterjee, M. K. Dasgupta and Amitabha Ghosh, 1997.
251	Studies in Jayarashi Bhatta's Critique of knowing from Words, by Dilip Kumar Mohanta, 2009. (BI - 333)
252	Studies in the Pahlavi Grammar of E. Blochet, translated into English from original French by Pranabesh Sinha Ray, 2005.

PUBLICATION

Sl. No.	Name, Author, Year of publication
253	Subhankari, by Santanu Chacraverti, 2007. (Mono - XLIII)
254	Subversive Sovereigns across the Seas : Indian Ocean Ports-of-Trade from Early Historic Times to Late Colonialism, edited by Kenneth R. Hall, Rila Mukherjee, and Suchandra Ghosh, 2017.
255	Supriya Sarthavaha Jataka of Bhadrakalpavadana, edited by Soma Basu, 2010. (BI - 335)
256	Swami Vivekananda : A Pictorial Tribute, compiled and annotated by Nirbed Ray, 2012.
257	Swami Vivekananda : A Tribute, 2012.
258	Swami Vivekananda's Neo-Vedanta, by R. K. Dasgupta, 1999.
259	Tana Poren – Banglar Tantsilper Atit, Bartaman O Bhabisyat, edited by Sujit Kumar Das, 2024.
260	Tantraloka, translated into Bengali by Sukhamay Bhattacharya, 1992. (BI - 317)
261	Taranath Tarkabachaspatir Jibancharit, by Sambhu Chandra Vidyaratna, edited by Sudhir Kumar Karan, 2010.
262	The Asiatic Society (issued on the occasion of the 210th Foundation Day), 1993.
263	The Asiatic Society Act 1984, Regulation and By-Laws, 1993.
264	The Asiatic Society and Anthropological Studies in India, 1994.
265	The Asiatic Society, Short History of The Asiatic Society, 1995.
266	The Asiatic Society – The Bicentenary Souvenir, 1784-1984, 1984.
267	The Avestan Compounds, by Pranabesh Sinha Ray, 2008. (Mono - XLVIII)
268	The Citralakshana (An Old Text of Indian Art – Sanskrit, Tibetan and English version), edited by Asoke Chatterjee Sastri, 1987. (BI - 315)
269	The Chin-Lushai Border : Community, State, Market : Emerging Perspectives, by Asok Kumar Ray, 2020. (Mono - LXXII)
270	The Dharmashastras in Socio-Legal Perspective, edited by Tapati Mukherjee, 2021.
271	The Early Annals of the English in Bengal, Vol. I & II, by C. R. Wilson, 2014.
272	The East Asian Miracle and India, by Mukul Majumdar, 1997.
273	The Eighteenth Century in South Asia : New Terrains, edited by Subhas Ranjan Chakraborty, 2012.
274	The Endangered Earth : Role of India, by A. P. Mitra, 2004.

PUBLICATION

Sl. No.	Name, Author, Year of publication
275	The Folk Rhymes of the Bengali Vratas, by Bhabataran Datta, 2007. (Mono - XLIV)
276	The History and Culture of Mongolia, by Buyantyn Dashtseren, 1997.
277	The Kanvakubja-Gauda Struggle from the 6th to the 12th Century A. D., by D. C. Sircar, 2011. (Mono - LIV)
278	The Khudnawisht Sawanih Hayat-i-Nassakh (autobiography of Abdul Ghafur Nassakh), edited by Abdus Subhan, 1986. (BI - 314)
279	The Life and Works of Joseph Needham, edited by Sushil Kumar Mukherjee and Amitabha Ghosh, 1997.
280	The Modern Bengali Dictionary for Non-Bengali Readers, Vol. I, compiled and edited by Asit Kumar Bandyopadhyay, 1999.
281	The Modern Bengali Dictionary for Non-Bengali Readers, Vol. II, compiled and edited by Asit Kumar Bandyopadhyay, 2002.
282	The Modern Bengali Dictionary for Non-Bengali Readers, Vol. III, compiled and edited by Asit Kumar Bandyopadhyay and Pabitra Sarkar, 2007.
283	The Modern Bengali Dictionary for Non-Bengali Readers, Vol. IV, compiled and edited by Pabitra Sarkar, 2009.
284	The Modern Bengali Dictionary for Non-Bengali Readers, Vol. V, compiled and edited by Pabitra Sarkar, 2012.
285	The Moghuls – Chingizid and Timurid : Connections and Differences, by Wei Kwei-Sun, 1997.
286	The Mystic Songs of Kanha and Saraha, translated into English by Pranabesh Sinha Ray, 2007. (BI -329)
287	The New Ocean Regime, Emerging Dimensions in the Asian Perspective, by Sumita Sen, 1996.
288	The Phonemic and Morphemic Frequencies of the Bengali Language, by B. P. Mallik, N. Bhattacharya, S. C. Kundu, and M. Dawn, 1998.
289	The Quest for Identity : The Tribal Solidarity Movement in North-East India, 1947-1969, by Amalendu Kishore Chakraborty, 2004. (Mono - XLI)
290-293	The Rgveda Samhita, translated into English with the Rks transliterated and annotated by Basanta Kumar Ganguly, 2004 (in four volumes). (BI -325)
294	The Rise of Civil Society in Bengal, by Asoke Basu, 2012. (Mono - LV)
295	The Sanskrit Buddhist Literature of Nepal, by Rajendralala Mitra, with an Introduction by Pallab Sengupta, 2022.

PUBLICATION

Sl. No.	Name, Author, Year of publication
296	The Sounds of Bengali and French, by Aditi Ghosh, 2003. (Mono - XXXVII)
297	The Suryasiddhanta : The Astronomical Principles of the Text, edited with Notes by A. K. Chakravarty, 2001. (BI - 321)
298	The Yuga Purana, edited by John E. Mitchiner, 1986. (BI - 312)
299	Time Past and Time Present (Two Hundred and Twerty-Five Years of The Asiatic Society), 2008.
300	Tipu Sultan and His Age, edited by Aniruddha Ray, 2002.
301	Towards Naiskarmya : Suresvaracharya on the Method of Vedanta, by Alexander Pereverzev, 2015. (Mono - LX)
302	Traditional Ethno-veterinary Medicines Practised in Rural Barddhaman, by Apurba Kumar Chattopadhyay, 2022.
303	Treasures of The Asiatic Society, compiled by Minati Chatterjee, 2022.
304	Tribal Health Care System : A Tribute to P. O. Boddling, edited by Ranjana Ray, 2019.
305	Twelve Bodo Short Stories, edited by Sayantan Dasgupta and Chandramalli Sengupta, 2023.
306	Understanding Autism : Through the Lens of Parents and Professionals, edited by Subir Kumar Dutta and Mitu De, 2019.
307	Understanding the Prophetic : The History and Philosophy of Prognostication in Ancient India, by Satadal Kar Gupta, 2002. (Mono - XXXV)
308	Uprising of 1857 : Perspectives and Peripherism, edited by Subhas Ranjan Chakraborty, 2009.
309	Urban Development in Ancient India, by Adhir Chakravarti, 2006. (Mono - XLII)
310	Vahni Puranam also referred as Agneya Puranam, edited by Anasuya Bhowmik, 2012. (BI - 336)
311	Vanasadhi Darpana of Virajacarana Gupta Kavyatirtha, edited by Brahmananda Gupta and Abichal Chattopadhyay, 2023. (BI -343)
312	Vidyasagar : Ekush Sataker Chokhe, edited by Pallab Sengupta and Amita Chakraborty, 2003.
313	Vidyasagar (Jibancharit) of Chandi Charan Bandyopadhyay, translated into Hindi by Rupnarayan Pandey, 2019.
314	Vidyasagar Chaychalan (In Bengali Script), translated by Boro Baske, 2020.
315	Vidyasagar Chaychalan (In Olchiki Script), translated by Boro Baske, 2020.

PUBLICATION

Sl. No.	Name, Author, Year of publication
316	Vision and Creation, by Somnath Mukhopadhyay and Kalyan Chandra Chattopadhyay, 2020.
317	When was India A Nation : A Study of the Evolution on India's Nationhood Through Ages, by Ranjit Sen, 2022.
318	William Jones (Bengali Drama), by Dilip Gangopadhyay, 1984.
319	Wings of Life, edited by Asok Kanti Sanyal, 2019.
320	Women's Studies and Women's Movement in India, by Kusum Datta, 2007. (Mono-XLVII)

Compiled by **Sukhendu Bikash Pal**
Former Publication Officer-in-Charge
The Asiatic Society

মধ্য কলকাতার সাহিত্য, সংস্কৃতি ও ঐতিহ্য

রবীন্দ্র কুমার শীল

সদস্য, দি এশিয়াটিক সোসাইটি

মধ্য কলকাতা বলতে আমরা বুঝি পটলডাঙ্গা, বউবাজার, তালতলা এবং চাঁপাতলা। এর পরিধি ছিল পূর্ব দিকে বৈঠকখানা থেকে শুরু করে পশ্চিমে গঙ্গা পর্যন্ত। পূর্ব কলকাতা আছে। দক্ষিণ ও উত্তর কলকাতা আছে। পশ্চিম কলকাতা না থাকার জন্য মধ্য কলকাতার বিস্তৃতি পশ্চিমে গঙ্গা পর্যন্ত বলে ধরা হয়ে থাকে। দক্ষিণে পার্ক স্ট্রিট থেকে শুরু করে উত্তরে মানিকতলা স্ট্রিট পর্যন্ত। এইটুকু অঞ্চলের মধ্যে দিয়ে বাংলার নবজাগরণের প্রথম তীব্র আলোড়ন দেখতে পাওয়া যায়। তৎকালীন সমাজ সংস্কারক থেকে শুরু করে বাংলার দিকপালরা মধ্য কলকাতার সঙ্গে যোগাযোগ রাখতে আগ্রহ প্রকাশ করেন। কারণ তখন মধ্য কলকাতা ছিল বাংলার নবজাগরণের পীঠস্থান। এখানেই বাংলার নবজাগরণের প্রথম পুরুষ রাজা রামমোহন রায় এসে বসবাস করতে শুরু করেন। তিনি সতীদাহ প্রথার বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তোলেন এই স্থান থেকেই। কলকাতার মানিকতলা অঞ্চলে নিজের বসতবাড়ি গড়ে তোলেন। রাধানগর থেকে রাজা রামমোহন রায় কলকাতায় এসেছিলেন ১৮১৪ সালে। তিনি বুঝতে পেরেছিলেন সতীদাহ প্রথার বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তুলতে গেলে ইংরেজ শাসকদের পাশে রাখার প্রয়োজন রয়েছে। তিনি কলকাতায় এসেই সংস্কৃত ভাষায় শিক্ষা গ্রহণ করার দিকে আগ্রহ প্রকাশ করেন। সংস্কৃত ভাষাতেই হিন্দুদের ধর্মীয় ন্যায় নীতির

ব্যাখ্যা বিশদে লিখিত। সংস্কৃত ভাষায় দক্ষ না হতে পারলে হিন্দু ধর্মের প্রচলিত কুসংস্কারগুলির বিরুদ্ধে সংগ্রাম করে জেতা একেবারে অসম্ভব। প্রাচীন ধর্মীয় নীতিকে আধুনিক নীতিতে পরিণত করতে হবে। যুগের পরিবর্তনের সঙ্গে-সঙ্গে ধর্মের আধুনিকতার খুবই প্রয়োজন রয়েছে। হিন্দু ধর্মকে আধুনিকতার মোড়কে মুড়ে ফেলতে হবে। তার জন্য চাই যুক্তিগ্রাহ্য ধর্মীয় ব্যাখ্যা যা বর্তমান কালের মানুষকে স্বস্তি দেবে। প্রাচীন ধর্মীয় রীতিনীতির সংস্কারের খুবই প্রয়োজন। ধর্মীয় ন্যায়-নীতির সঠিক ব্যাখ্যা করতে গেলে সংস্কৃত ভাষার শিক্ষা গ্রহণ করে শাস্ত্র পাঠ অতি আবশ্যিক এবং আধুনিক চিন্তাধারায় ধর্মীয় শাস্ত্রের যুগোপযোগী ব্যাখ্যাও উপস্থাপিত করাটা খুবই প্রয়োজন। হিন্দু ধর্মের আধুনিকতা চাই। সেই কারণে তিনি ফারসি, আরবি, সংস্কৃত, ইংরেজি ভাষা রপ্ত করতে শুরু করলেন। আসলে তিনি বুঝতে পেরেছিলেন যে ভাষা শিক্ষায় পারদর্শিতা অর্জন করে শাস্ত্রীয় বিধির যথাযোগ্য ব্যাখ্যা দিতে না পারলে সতীদাহ প্রথার বিরুদ্ধে লড়াই করে জেতাটা একেবারে অসম্ভব। আবার তিনি কলকাতাকে বেছে নিয়েছিলেন তাঁর সংগ্রামের কেন্দ্রস্থল হিসাবে। তখন কলকাতা থেকেই সারা ভারতের ওপরে খবরদারি করতে শুরু করে দিয়েছিল ইংরেজ শাসকেরা। কলকাতা ছিল ভারতের রাজধানী এবং ব্রিটিশ ভারত শাসনের প্রধান প্রশাসন কেন্দ্র। ফলে রাজা রামমোহন রায় তাঁর সতীদাহ প্রথা বিরোধী সংগ্রামকে

শক্তিশালী করতে কলকাতাকেই পছন্দ করলেন। পাশে পেয়ে গেলেন প্রিন্স দ্বারকানাথ ঠাকুর এবং জানবাজারের রাজচন্দ্র দাস-সহ তৎকালীন অভিজাত সম্প্রদায়কে। রাজা রামমোহন রায় হিন্দু ধর্ম শাস্ত্র অধ্যয়ন করতে কাশীতে বেশ কিছু দিন ছিলেন। সেখান থেকে তিনি হিন্দু শাস্ত্র অধ্যয়ন করেন। তারপরে কলকাতা ফিরে এসে হিন্দু শাস্ত্র নিয়ে গভীর অধ্যয়ন শুরু করলেন এবং প্রকাশ করলেন সতীদাহ প্রথা হিন্দু ধর্ম সিদ্ধ নয়। কারোর ইচ্ছার বিরুদ্ধে কোনও সময়ে হিন্দু শাস্ত্র হস্তক্ষেপ করে না। সতীদাহ প্রথাকে সামনে রেখে তিনি একের পর এক সংস্কারমুখী যুক্তিবাদী গ্রন্থ প্রকাশ করতে থাকেন। ১৮১৪-১৫ সাল থেকে রাজা রামমোহন রায় কলকাতায় বসবাস করতে শুরু করেন। ১৮৩০ সালে তিনি ভারত ত্যাগ করেছিলেন। ১৮১৫ সাল থেকে ১৮৩০ সালের মধ্যেই রামমোহনের প্রধান বাংলার ও ইংরেজি গ্রন্থগুলি প্রকাশিত হয়। একদিকে রয়েছে অনুবাদধর্মী বেদান্ত উপনিষদাদি গ্রন্থ অন্যদিকে প্রতিপক্ষের সঙ্গে প্রতিবাদমূলক গ্রন্থ — *উৎসবানন্দ বিদ্যাবাগীশের সহিত বিচার, পাদরি ও শিষ্য সংবাদ, ভট্টচার্যের সহিত বিচার, কবিতাকারের সহিত বিচার, সুব্রহ্মণ্য শাস্ত্রীর সহিত বিচার, পথ্য প্রদান, কায়স্থের সহিত মদ্যপান বিষয়ক বিচার, সহমরণ বিষয়ক প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ* (প্রথম ও দ্বিতীয়)। রামমোহন একেশ্বরবাদে বিশ্বাসী ছিলেন বলেই *তুহফত-উল-মুওয়াহিদ্দিন* (১৮০৩-০৪) পুস্তকটি রচনা করেছিলেন। ধর্মীয় কুসংস্কারের বিরুদ্ধে লড়াই করতে যে কলমই একমাত্র অস্ত্র সেটা উপলব্ধি করতে পেরেছিলেন তিনি। তাঁরই পথ ধরে পরবর্তীকালে বাংলার তরুণ পণ্ডিত সমাজ কলমকে সামনে রেখে রক্ষণশীল সমাজের বিরুদ্ধে তীব্র সংগ্রামের ক্ষেত্র তৈরি করে জয়ী হয়েছিলেন। রামমোহনের পরেই আর একজন প্রতিবাদী হিন্দু কলেজের শিক্ষক—তাঁর নাম হেনরি লুই ভিভিয়ান

ডিরোজিও (১৮০৯-১৮৩১)। ১৮১৭ সালের ২০ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হল হিন্দু কলেজ। এই শিক্ষা প্রতিষ্ঠানে ১৮২৬ সালের ১ মে থেকে ১৮৩১ সালের ২৫ এপ্রিল পর্যন্ত প্রায় পাঁচ বছর ডিরোজিও শিক্ষকতা করেন। ভারত-প্রেমিক ডেভিড হেয়ার মধ্য কলকাতায় বসবাস করতেন। তিনি বিদ্যোৎসাহী ছিলেন বলেই কলকাতায় মেডিকেল কলেজ, হিন্দু কলেজ প্রতিষ্ঠা করার ব্যাপারে উৎসাহ দিয়েছিলেন এবং এই দুই শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালন সমিতির সম্মানিত সদস্য ছিলেন। তিনি প্রথমে ‘পটলডাঙা স্কুল’ প্রতিষ্ঠা করেন। এই স্কুলের কৃতী ছাত্র ছিলেন কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় এবং রসিককৃষ্ণ মল্লিক। হিন্দু কলেজের শিক্ষক ডিরোজিও, রাজা রামমোহন রায়ের সতীদাহ প্রথা বিরোধী আন্দোলনকে সমর্থন করে *দ্য ফকির অব জজিরা* (১৮২৮) নামে একটি কাব্যগ্রন্থ রচনা করেছিলেন। তবে এখানে অবশ্যই উল্লেখ করতে হবে যে কলকাতা শহরের রূপকার জব চার্নক একজন সতীকে উদ্ধার করে তাঁকে বিবাহ করে নিজের স্ত্রীর মর্যাদা দিয়েছিলেন। ডিরোজিও রাজা রামমোহন রায়ের পথকে অনুসরণ করে ‘আকাদেমিক অ্যাসোসিয়েশন’ প্রতিষ্ঠা করলেন শ্রীকৃষ্ণ সিংহের মধ্য কলকাতার মানিকতলার বাগান বাড়িতে। ডিরোজিও-এর ‘ইয়ং বেঙ্গল আন্দোলন’ তখন তুঙ্গে, ঠিক সেই সময়ে সুদূর স্কটল্যান্ড থেকে কলকাতায় উপস্থিত হলেন আলেকজান্ডার ডাফ ১৮৩০ সালের ২৭ মে। বসবাস করতে শুরু করলেন মির্জাপুর স্ট্রীটে কলেজ স্কোয়ারের কাছেই। বর্তমানে সেই বাড়িটা কলকাতা পুরসভার বোরো ৫ নম্বরের দফতর। এই বাড়িতে তিনটি স্কুল প্রতিষ্ঠা লাভ করে। হেয়ার স্কুল, সেন্ট পলস স্কুল এবং মতিলাল শীল স্কুল এই বাড়িতেই প্রথম শুরু হয়। কুসংস্কারের বিরুদ্ধে সংগ্রাম করে সত্যকে প্রতিষ্ঠা করার জন্য ডিরোজিও এর উৎসাহে ১৮৩০ সালের ১৫ ফেব্রুয়ারি প্রকাশিত

হল *পার্শ্বন* সাপ্তাহিক পত্রিকা। ১৮৩১ সালে ১ জুন *দ্য ইস্ট ইণ্ডিয়ান* নামে একটি পত্রিকা প্রকাশিত করলেন ডিরোজিও স্বয়ং। এর ঠিক ১৮ দিনের মাথায় ডিরোজিওর তিন ছাত্র দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, রসিককৃষ্ণ মল্লিক ও মাধব চন্দ্র মল্লিকের উদ্যোগে ও সম্পাদনায় বাংলা সাপ্তাহিক পত্রিকা *জ্ঞানদ্বৈপ* (১৮ জুন, ১৮৩১) প্রকাশিত হল এবং এর পূর্বে কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের সম্পাদনায় ১৭ মে ১৮৩১ সালে *দ্য এনকোয়ারার* পত্রিকা প্রকাশ লাভ করে। এক মাসের মধ্যে ঝড়ো মেঘের মতো তিন খানা পত্রিকার প্রকাশ লাভ ঘটায় কলকাতার রক্ষণশীলদের ভিত কাঁপতে শুরু করে দেয়। রেভারেন্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় (১৮১৩-১৮৮৫) হিন্দু কলেজে পড়তে এসেছিলেন ১৮২৪ সালের ফেব্রুয়ারিতে। ডিরোজিওর হিন্দু কলেজে যোগদান করার আগেই। ১৮২৯ সালে ১ নভেম্বর হিন্দু কলেজ থেকে ত্যাগ করে ডিরোজিও হেয়ারের তত্ত্বাবধানে চালিত পটলডাঙা স্কুলে শিক্ষকতা করতে যান। অন্তত চার বছর কৃষ্ণমোহন ডিরোজিওকে শিক্ষক হিসাবে দেখেছেন। 'ইয়ং বেঙ্গল'কে কেউ-কেউ আবার 'নিউ বেঙ্গল' বলত। কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, তারচাঁদ চক্রবর্তী, রসিককৃষ্ণ মল্লিক, রাধানাথ সিকদার, রামগোপাল ঘোষ, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, প্যারীচাঁদ মিত্র, রামতনু লাহিড়ী, হরচন্দ্র ঘোষ প্রমুখ খ্যাতনামা ছাত্ররা ছিলেন ডিরোজিওর শিষ্য।

মধ্য কলকাতার তিনটি শিক্ষা প্রতিষ্ঠান বাংলার নবজাগরণ কালে সাড়া ফেলে দিয়েছিল— মেডিকেল কলেজ, হিন্দু কলেজ এবং সংস্কৃত কলেজ। ১৮ জানুয়ারি ১৮৩৫ সালে মেডিকেল কলেজ প্রতিষ্ঠা লাভ করে। ক্লাস শুরু হয়েছিল ১ জুন ১৮৩৫ সালে। ডাক্তার মাউন্টফোর্ড জোসেফ ব্রামলি কলকাতা মেডিকেল কলেজের প্রথম সুপারিন্টেন্ডেন্ট। ১০ জানুয়ারি ১৮৩৬ সালে মেডিকেল কলেজের শিক্ষক পণ্ডিত মধুসূদন গুপ্ত

প্রথম শব্দব্যবচ্ছেদ করে বাংলা তথা ভারতের কুসংস্কারে আবদ্ধ সমাজকে প্রগতির পথের সন্ধান দিলেন। ১৮৫২ সালে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মেডিকেল কলেজের বাংলা বিভাগের পরীক্ষক ছিলেন। তখন বাংলায় চিকিৎসা বিদ্যা মেডিকেল কলেজে চালু করা হয়েছিল দ্রুত ডাক্তার তৈরি করতে। বাংলা ভাষায় চিকিৎসা বিজ্ঞান পড়ানোর জন্য মধুসূদন গুপ্ত বাংলায় *শরীর বিদ্যা* গ্রন্থ রচনা করলেন ১৮৫৩ সালে। লেখক আনন্দ চন্দ্র বর্মণ ১৮৫৫ সালে মেট্রিয়ারা মেডিকো সংক্রান্ত পুস্তক *সারকৌমুদী* গ্রন্থ প্রকাশ করলেন। মেডিকেল কলেজের বাংলার শিক্ষক শিবচন্দ্র কর্মকার লিখলেন *মেট্রিয়ারা মেডিকা*। তিনিই আবার ফার্মাসির একটি বই *ওষুধ প্রস্তুত ও বিদ্যা* ১৮৫৪ সালে প্রকাশ করলেন। ১৮৫৪ সালে পি কুমার *ওষুধ ব্যবহারক* নামে প্রয়োজনীয় পুস্তক অনুবাদ করেন। জেমস লং সাহেব এই বইটির নাম উল্লেখ করেছিলেন।

মধ্য কলকাতার হিন্দু কলেজ ১৮১৭ এবং সংস্কৃত কলেজ ১৮২৪ সালে প্রতিষ্ঠা লাভ করে। বাংলার নবজাগরণের ক্ষেত্রে সংস্কৃত কলেজের ছাত্রদের ভূমিকার কথা অতি অবশ্যই উল্লেখ করতে হবে। বাংলার শিক্ষা-জগতের দুই রত্ন— বিদ্যাসাগর এবং মদনমোহন তর্কালঙ্কার (১৮১৭-১৮৫৮) সংস্কৃত কলেজের ছাত্র ছিলেন। বিদ্যাসাগর ১৮২৮ সালে কলকাতায় আসেন। কলকাতায় এসে তিনি প্রথমে বউবাজারের হিদারাম ব্যানার্জি লেন এবং পঞ্চগননতলা লেনে ভাড়া বাড়িতে বসবাস করতে শুরু করেন পিতার সঙ্গে। ১৮২৯ সালে জুন মাসে তিনি সংস্কৃত কলেজের ব্যাকরণের তৃতীয় শ্রেণিতে ভর্তি হন। ১৮৩৯ সালে ২২ এপ্রিল হিন্দু ল'কমিটির পরীক্ষায় অংশগ্রহণ করেন। ১৬ মে শংসাপত্র লাভ করেন এবং প্রথম 'বিদ্যাসাগর' উপাধি প্রাপ্ত হন। ১৮৫১ সালে সংস্কৃত কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেই তিনি বিধবা বিবাহ আন্দোলন করতে শুরু করেন। ১৮৫৫ সালে জানুয়ারি

মাসে তিনি প্রকাশ করলেন *বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব*। এই একই সালে তিনি একই বিষয়ে দ্বিতীয় পুস্তক প্রকাশ করলেন। সমাজে বিদ্যাসাগরের দুটি বই অভাবনীয় সাড়া ফেলে গিয়েছিল। বাংলার নবজাগরণের মূল ভিত্তি ছিল নারী শিক্ষা। পরনির্ভরশীল নারী জাতিকে সুশিক্ষিত করে তোলাই ছিল সেই সময়কার সমাজ সংস্কারকদের প্রধান লক্ষ্য। বিদ্যাসাগর নারীদের পক্ষে সাওয়াল করতে কলম ধরে একের পর এক সাড়া জাগানো পুস্তক লিখতে শুরু করলেন। *বাল্য বিবাহে দোষ* (১৮৫০), *শকুন্তলা* (১৮৫৪), *সীতার বনবাস* (১৮৬০), *বহু বিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার* (প্রথম) (১৮৭১), *বহু বিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার* (দ্বিতীয়) (১৮৭৩) প্রভৃতি যুক্তিবাদী গ্রন্থ প্রকাশ করে বিদ্যাসাগর রক্ষণশীল সমাজপতির ঘরের দরজায় কড়াঘাত করতে শুরু করে দিলেন। ১৮৮৫ সালে বিদ্যাসাগর ক্রীক লেনে মেট্রোপলিটান ইন্সটিটিউশনের শাখা প্রতিষ্ঠা করলেন। সেখানকার শিক্ষক ছিলেন নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ)। পরবর্তী কালে এই শিক্ষা প্রতিষ্ঠানের জনপ্রিয় প্রধান শিক্ষক হন মদন দত্ত লেনের বাসিন্দা নকুল চন্দ্র রায়। বিদ্যাসাগরের পথ ধরে হিন্দু কলেজের সবচেয়ে বিতর্কিত প্রতিভাবান ছাত্র মাইকেল মধুসূদন দত্ত *মেঘনাদ বধ কাব্য* (১৮৬১), *বীরঙ্গনা কাব্য* (১৮৬২) রচনা করলেন। ইতিমধ্যে কলকাতায় এসে উপস্থিত হয়েছেন জন এলিয়ট ড্রিঙ্কওয়াটার বেথুন। তিনি বিদ্যাসাগরের বন্ধু মদনমোহন তর্কালঙ্কারের সাহায্যে প্রতিষ্ঠা করলেন মহিলাদের আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান 'হিন্দু ফিমেল স্কুল' (বেথুন স্কুল)। বেথুন সাহেবের উৎসাহে বাংলার ভাষা শিক্ষার পাঠ্য *শিশু শিক্ষা* পুস্তক রচনা করলেন মদনমোহন। মধ্য কলকাতা ছিল বাংলার জাগরণের পীঠস্থান, এ কথাকে এড়িয়ে যাওয়া একেবারে অসম্ভব।

মধ্য কলকাতায় বসবাস করতেন পাদরি জেমস লং সাহেব। তিনি সেন্ট পল্‌স স্কুল নির্মাণ করার ব্যাপারে খুবই উৎসাহী ছিলেন। তাঁর সঙ্গে পাদরি শিক্ষাবিদ আলেকজান্ডার ডাফের ঘনিষ্ঠতা ছিল। বাংলা ছিল কৃষিপ্রধান অঞ্চল। সেই দিকে লক্ষ রেখে ইংরেজ নীলকর সাহেবরা নীল চাষ করতে বাধ্য করাত বাংলার কৃষকদের। তার ফলে কৃষকদের মনে একটি ক্ষোভ তৈরি হয়েছিল। লং সাহেব সেই সময়ে গ্রাম বাংলা ঘুরে কৃষকদের অসুবিধার কথা জানতে পারেন। নাট্যকার দীনবন্ধু মিত্র নীলকরদের হাত থেকে কৃষকদের দুর্দশা মুক্ত করার জন্য নাটক লিখলেন 'নীলদর্পণ'। কলকাতার বুকে এই নাটক নিয়ে সাড়া পড়ে গেল। পাদরি লং সাহেবের উৎসাহে মাইকেল 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদ করলেন। নাট্যকার দীনবন্ধু মিত্র এই নাটকটি রানি ভিক্টোরিয়াকে উৎসর্গ করেছিলেন। বাংলায় ইংরেজ-বিরোধী গণ-বিরোধের ক্ষেত্র তৈরি করতে এই নাটককে অস্ত্র হিসাবে ব্যবহার করতে শুরু করে দিয়েছিল স্বদেশ প্রেমিকেরা। ১৮৭২ সালে প্রথম পাবলিক থিয়েটার হিসাবে এই নাটকটির প্রযোজনার দায়িত্বগ্রহণ করেছিলেন গিরিশ চন্দ্র ঘোষ। এই নাটক নিয়ে মামলা হয়েছিল। মামলায় বিচারপতি লং সাহেবকে এক হাজার টাকা জরিমানা এবং একদিনের জেল দেন। ঠিক এই সময়ে মহারাজ নন্দকৃষ্ণ, বাবু কৃষ্ণ দাস পাল সহ বিশিষ্টজনরা মিলিত হয়ে ২৬ জুলাই ১৮৭৬ সালে প্রতিষ্ঠা করলেন 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন' (ভারত সভা)—ভারতীয়দের মতামত ও বক্তব্য রাখার মঞ্চ।

আগেই আলোচনা করেছিলাম যে বাংলার নবজাগরণের সঙ্গে মিশে গিয়েছিল স্বদেশি আন্দোলন। ১৯০৫ সালে রবীন্দ্রনাথ জোড়াসাঁকোর ঠাকুর বাড়ির চার দেওয়ালের মধ্যে আর নিজেকে আটকে রাখতে পারলেন না। তিনি রাস্তায় নেমে এলেন বঙ্গভঙ্গ বিরোধী

আন্দোলনে যোগ দিতে। রচনা করলেন ‘বাংলার মাটি বাংলার জল পুণ্য হউক’ গান। ফেডারেশন হল (মিলন মন্দির) থেকে পদযাত্রা বের হল। কলেজ স্কোয়ারের রাধানাথ মল্লিকের বাড়ি স্পর্শ করে নাখোদা মসজিদ (বড় মসজিদ) এসে রবীন্দ্রনাথ হিন্দু মুসলিম ভাইদের হাতে রাখি বন্ধন করে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনকে শক্তিশালী করলেন এবং এই পদযাত্রা শেষ হল বাগবাজারের বসু বাড়িতে। ২০ জুলাই ১৯০৫ সালে লর্ড কার্জন বঙ্গভঙ্গ বিজ্ঞপ্তি জারি করেন। সেই সময়ে কলকাতার *দ্য স্টেটসম্যান* এবং *দ্য ইলিংশম্যান* সরকারকে সমর্থন করলেও নরেন্দ্রনাথ সেন তাঁর *ইন্ডিয়ান মিরর* পত্রিকায় বঙ্গভঙ্গ এর বিরোধিতা এবং বিলাতি পণ্য বয়কটের কথা লিখতে শুরু করে দিলেন। যে বাংলা এক সময়ে পলাশির যুদ্ধে ইংরেজদের পক্ষে থেকে ভারতের ব্রিটিশ শাসন নিয়ে আসতে সাহায্য করেছিল ১৯০৫ থেকে সেই বাংলা ব্রিটিশ শাসন বিরোধিতার ভূমিকায় অবতীর্ণ হল। এর পর থেকে বাংলার অধিকাংশ বাঙালি আর ব্রিটিশ শক্তির পক্ষে সায় দেয়নি। ফলে দেখতে পাওয়া গেল যে ১৯৪৭ সালে ব্রিটিশ শক্তিকে ভারত ত্যাগ করতে হয়েছিল। বাংলাকে হাতে রাখলে ভারত থেকে ব্রিটিশ শক্তিকে বিতাড়িত করার মতো শক্তি আর কারোর ছিল না।

ভগিনী নিবেদিতা কলকাতায় এসে গিয়েছেন। তিনি এসেই বাগবাজারে মহিলাদের জন্য একটি স্কুল খুললেন স্বামী বিবেকানন্দের ইচ্ছায়। ১৯০২ সালে স্বামী বিবেকানন্দ পরলোকগমন করলে ভগিনী নিবেদিতা বেলুড় মঠ পরিত্যাগ করে গুপ্ত সমিতির সঙ্গে হাত মেলালেন। ব্যারিস্টার পি মিত্র এবং যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের গঠিত গুপ্ত সমিতির সদস্যদের বিপ্লবী আন্দোলন সম্পর্কে পড়াতে শুরু করলেন ভগিনী নিবেদিতা। ১৯০২ সালে বরোদায় উপস্থিত হয়ে নিবেদিতা অরবিন্দকে বাংলার গুপ্ত সমিতির হাল ধরতে বললেন। ১৯০৬

সালে অরবিন্দ কলকাতায় এসে ওয়েলিংটন স্কোয়ারের কাছে অবস্থিত রাজা সুবোধ মল্লিকের বাড়িতে এসে উপস্থিত হলেন। অরবিন্দের ভাই বারীন্দ্রকুমার ঘোষ আগেই কলকাতায় এসে বাংলার বিভিন্ন জেলায় গুপ্ত সমিতি তৈরি করার উদ্যোগ নিয়ে ছিলেন। ১৯০৬ সালে মেদিনীপুরের হেমচন্দ্র কানুনগো পৈতৃক ভিটা বিক্রি করে ফরাসি গেলেন বোমা প্রস্তুত শিখতে। প্রথম বোমা পরীক্ষা হল দেওঘরের রোহিনীতে। বোমা পরীক্ষা করতে গিয়ে প্রফুল্ল চক্রবর্তী মারা গেলেন। গুরুতর আহত হলেন উল্লাসকর দত্ত। ১৯০৬ সালে *যুগান্তর* পত্রিকা প্রকাশিত হল। কানাই ধর লেন থেকে এই পত্রিকা প্রকাশিত হয়। ১৯০৭ সালে ১১ এপ্রিল একটি প্রবন্ধ প্রকাশিত হল- ‘এসো অরাজকতা’। বারীন্দ্রকুমার ঘোষ লিখলেন, ‘বর্তমান রণনীতি’। কংগ্রেস প্রথম থেকেই সশস্ত্র সংগ্রামকে এড়িয়ে চলতে শুরু করে দিয়েছিল। ফলে অরবিন্দের কংগ্রেসের এই নীতি পছন্দ হয়নি। সেই সময়ে জে জে দেশপাণ্ডে *ইন্দুপ্রকাশ* নামে একটি পত্রিকা প্রকাশ করেন। সেখানে অরবিন্দ ধারবাহিকভাবে লিখলেন ‘নিউ ল্যান্সপ ফর দ্য ওল্ড’ প্রবন্ধ। কংগ্রেস এই ধরনের সংগ্রামী মানসিকতা নিয়ে প্রবন্ধ প্রকাশ করার পক্ষে ছিল না। ফলে ‘যুগান্তর’ বিপ্লবী দলের সদস্যরা কংগ্রেসকে এড়িয়ে চলতে শুরু করে। ১৯০০ সালে মধ্য কলকাতায় ‘আত্মোন্নতি সমিতি’ তৈরি করলেন সতীশ মুখার্জি এবং নিবারণ ভট্টাচার্য। বিপিন বিহারী গাঙ্গুলী এই গুপ্ত সমিতির পৃষ্ঠপোষক ছিলেন। বিপিন গাঙ্গুলী তখন বসবাস করতেন বউবাজারের দুর্গা পিতুরি লেনে। ১৯০২ সালে ‘অনুশীলন সমিতি’ প্রতিষ্ঠিত হল। ব্যারিস্টার পি মিত্র সভাপতি এবং সহ সভাপতি হলেন চিত্তরঞ্জন দাশ এবং অরবিন্দ ঘোষ। ১৯০৬ সালে ঢাকায় পুলিন বিহারী দাস ‘অনুশীলন সমিতি’ তৈরি করলেন। এদিকে ‘অনুশীলন সমিতি’কে পাশে রেখে বারীন্দ্রকুমার ঘোষ ‘যুগান্তর’ বিপ্লবী

দল তৈরি করলেন। ১৯০৫ সালে বিপিন চন্দ্র পাল *বন্দেমাতরম* পত্রিকা প্রকাশ করলেন। পরে এই পত্রিকার সম্পাদক হন অরবিন্দ। ১৯০৭ সালের ৮ জুন *বন্দেমাতরম* পত্রিকাকে সতর্ক করল। ১২ নম্বর ওয়েলিংটন স্কোয়ারে সুবোধ মল্লিকের বাড়িতে পুলিশ তল্লাশি চালাল। অরবিন্দ ‘পলিটিক্স ফর ইণ্ডিয়ানস’ প্রবন্ধ লিখলে তাঁকে গ্রেফতার করা হল। রাজা সুবোধ মল্লিক জামিন দিয়ে অরবিন্দকে মুক্ত করেন। এই সময়ে রবীন্দ্রনাথ সুবোধ মল্লিকের বাড়িতে এসে অরবিন্দের সঙ্গে দেখা করে তাঁর লিখিত কবিতা ‘অরবিন্দ, রবীন্দ্রের লহ প্রণাম’ কবিতার কথা প্রকাশ করেন। চন্দননগরের মেয়র তর্দিভেল, পূর্ব বাংলার লাট ব্যামফিল্ড ফুলার, পশ্চিম বাংলার লাট ফ্রেজার হত্যার পরিকল্পনা ব্যর্থ হওয়ার পরে মুজফফরপুরে কিংসফোর্ডকে হত্যার পরিকল্পনাকে ইংরেজ শাসনের বিরুদ্ধে বিপ্লবীদের একটি চ্যালেঞ্জ মনে করে ব্রিটিশ শাসকেরা দেশ জুড়ে বিপ্লবীদের গ্রেফতার করে কারাগারে পাঠাল। শুরু হল বিখ্যাত ‘আলিপুর বোমা মামলা’। এক বছর ধরে এই মামলা চলেছিল। শুরু হয় ৬ মে ১৯০৮ সালে। মামলা শেষ হয় ৬ মে ১৯০৯ সালে। মামলায় অরবিন্দ মুক্তি পান এবং বারীন ঘোষ এবং উল্লাসকর দত্তের ফাঁসির হুকুম দিয়েছিলেন বিচারপতি ব্রিচকফট যিনি কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে অরবিন্দের ছাত্র বন্ধু ছিলেন। পরে উচ্চ আদালতে আবেদন করে ফাঁসি রদ করে দ্বীপান্তর দেওয়া হয় দুই অভিযুক্তকে। অরবিন্দ পণ্ডিচেরী চলে গেলে সেই বিপ্লবী আন্দোলনের স্থান পূরণ করতে এগিয়ে এসেছিলেন যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (বাঘা যতীন)। বিপ্লবীদের অস্ত্র দিয়ে সাহায্য করতে এগিয়ে এলেন মলঙ্গা লেনের অনুকূল মুখার্জি, গিরীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বিপিন বিহারী গাঙ্গুলী। পরিকল্পনা তৈরি করলেন রডা কোম্পানির অস্ত্র লুণ্ঠের। মলঙ্গা এলাকার বাসিন্দা শ্রীশ চন্দ্র মিত্র ওরফে হাবু মিত্র রডা কোম্পানির

অস্ত্র লুণ্ঠ করে মলঙ্গা লেনে উপস্থিত হলে সেই অস্ত্রের কিছুটা লুকিয়ে রাখা হয়েছিল জেলিয়া পাড়ার ভুজঙ্গ ধরের বাড়িতে রাতের বেলায়। এই অস্ত্র দিয়ে ব্রিটিশ পুলিশের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে যতীন্দ্রনাথ বালেশ্বর যুদ্ধে গুরুতর আহত হয়ে হাসপাতালে পরলোকগমন করলেন (১০ সেপ্টেম্বর ১৯১৫)। ১৯২৮ সালে মেছুয়া বাজার অঞ্চলে (বাদুড় বাগান) পুলিন বিহারী দাস ‘বঙ্গীয় ব্যায়াম সমিতি’ প্রতিষ্ঠা করলেন। পরে এটি ‘পুলিন বিহারীর আখড়া’ নামে পরিচিতি লাভ করে। আচার্য জগদীশ চন্দ্র বোস এবং অবলা বসু এই অঞ্চলে বসবাস করতেন। এখানেই প্রতিষ্ঠা হয় বিজ্ঞান গবেষণাগার ‘বোস ইন্সটিটিউট’। পাশে রয়েছে ‘রাজাবাজার সায়েন্স কলেজ’। এখানে গড়পারের বাসিন্দা ছিলেন শিশু সাহিত্যিক উপেন্দ্র কিশোর রায়চৌধুরী, কবি সুকুমার রায় এবং শিশু সত্যজিৎ রায়। ছোটদের *সন্দেশ* (১৯১৩) পত্রিকা এখান থেকেই প্রকাশিত হয়েছিল।

বাঘা যতীনের পরলোকগমনের পর বাংলার সশস্ত্র আন্দোলন ক্রমশ কমতে শুরু করে দিল। সেই শূন্যস্থান অধিকার করতে থাকল কংগ্রেস। ইতিমধ্যে কাজী নজরুল কলকাতায় উপস্থিত হয়ে ‘বিদ্রোহী’ কবিতা (১৯২১) রচনা করে ফেললেন। কবি নজরুল এবং তাঁর বন্ধু কমিউনিস্ট নেতা মুজফফর আহমেদ ৩/৪ সি তালতলা লেনে বসবাস করতেন। এই বাড়িতেই একটি রাতেই লিখে ফেললেন ‘বিদ্রোহী’ কবিতা। কবি সজনীকান্ত দাস নজরুলের ‘বিদ্রোহী’ কবিতাকে ব্যঙ্গ করে কবি মোহিতলালের উৎসাহে *শনিবারের চিঠি* পত্রিকাতে লিখলেন ‘আমি ব্যাঙ’ (১৯২৪)। তখন কবি মোহিতলাল ও সজনীকান্ত ২৭, বাদুড় বাগান লেনের এক বাড়িতে থাকতেন। কবি অচিন্ত্য কুমার নজরুলের অপমানকে সহ্য করতে পারেননি। তিনি নজরুলকে ‘কল্লোল’ অফিস ঘরে (১০/২, পটুয়া টোলা লেন) বসিয়ে মোহিতলালকে যোগ্য

জবাব দিতে বিদ্রোহী কবিকে দিয়ে লেখালেন ‘সর্বনাশের ঘটনা’ কবিতা। উত্তরে গুরু মোহিত এবারে লিখলেন ‘দ্রোণ-গুরু’। এর আগে ১৯২০ সালে নজরুল ৬ নম্বর টার্নার স্ট্রিট থেকে *নবযুগ* পত্রিকা প্রকাশ করতেন। অরবিন্দের *বন্দেমাতরম* এবং *যুগান্তর* পত্রিকার শূন্যস্থান পূরণ করেছিল এই পত্রিকাটি। ১৯২২ সালের ১২ আগস্ট *ধুমকেতু* পত্রিকা প্রকাশ করলেন নজরুল। *ধুমকেতু*-এর সঙ্গে যুক্ত তরুণ যুবক গোপীনাথ সাহা কলকাতার পুলিশ কমিশনার চালর্স টেগার্টকে মারতে গিয়ে নিরীহ ইংরেজ ব্যক্তিকে হত্যা করার অপরাধে ফাঁসিতে দণ্ডিত হন ১৯২৪ সালের ১ মার্চ। গোপীনাথ সাহা সরস্বতী লাইব্রেরীতে (সরস্বতী প্রেস) কাজ করতেন। এই প্রেস তৈরি হয়েছিল ‘যুগান্তর’ বিপ্লবীদের ডাকাতির টাকায়।

উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মধ্য কলকাতায় ‘বসুমতী সাহিত্য মন্দির’ প্রতিষ্ঠা করলেন। ১৮৯৬ সালে *সাপ্তাহিক বসুমতী*-র প্রকাশ ঘটল। ১৯২২ সালে *সাপ্তাহিক বসুমতী* এবারে *মাসিক বসুমতী*তে রূপ পেল। ১৯১৪ সালে *দৈনিক বসুমতী*র প্রকাশ। মধ্য কলকাতার ইতিহাস বিশাল। এখানে তিনটি বিশ্বমানের বিজ্ঞান গবেষণাগার তৈরি হয়েছিল — রাজাবাজার সায়েন্স কলেজ, বসু বিজ্ঞান মন্দির এবং ইন্ডিয়ান আসোসিয়েশন ফর দি কালটিভেশন অফ সায়েন্স। ১৭ মার্চ ১৯১৪ সালে রাজাবাজার সায়েন্স কলেজ প্রতিষ্ঠা লাভ করে। বসু বিজ্ঞান মন্দির তৈরি হল ১৯১৭ সালে। ডাক্তার মহেন্দ্রলাল সরকার ১৮৭৬ সালে ২৯ জুলাই ২১০, বউবাজার স্ট্রীটে ‘কাল্টিভেশন অফ সায়েন্স’ প্রতিষ্ঠা করেন। ভারতে প্রথম হোমিওপ্যাথিক চিকিৎসা প্রচারক ডাক্তার রাজেন্দ্রলাল বউবাজারের অত্রুর দত্ত লেনে জন্মগ্রহণ করেন। এখানেই ‘হিন্দুস্তান রেকর্ডস’ সংস্থা আজও বিদ্যমান। বিখ্যাত যন্ত্র সংগীত শিল্পী ডি. বালসারা এখানে থাকতেন। তাঁর শিষ্য যন্ত্র সঙ্গীত শিল্পী অজিত ঘোষ এইখানে

বসবাস করতেন। বউবাজারের প্রেমচাঁদ বড়াল স্ট্রিটে সঙ্গীত শিল্পী রাইচাঁদ বড়ালের বসত বাড়ি। আমহাস্ট স্ট্রিট ও বউবাজার স্ট্রিটের সংযোগস্থলে মেডিকেল কলেজের প্রথম এমডি চন্দ্রনাথ দে বসবাস করতেন। সিপাহী বিদ্রোহের ইতিহাস রচনাকার রজনীকান্ত গুপ্ত শ্রদ্ধানন্দ পার্কের পাশেই থাকতেন। মধ্য কলকাতার তিনটে পার্ক ভারতের জাতীয় আন্দোলনের সময়ে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে— কলেজ স্কোয়ার, শ্রদ্ধানন্দ পার্ক এবং ওয়েলিংটন স্কোয়ার। ডাক্তার বিধান চন্দ্র রায়, নির্মল চন্দ্র চন্দ্র এবং ডাক্তার আবীরলাল মুখোপাধ্যায় এখানে বসবাস করতেন। ডাক্তার আবীরলাল লেখক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ওপরে একটি বই লিখেছেন। সেই বইটিতে উল্লেখ আছে কথা সাহিত্যিক বিভূতিভূষণ থাকতেন মির্জাপুর স্ট্রীটে। তিনি শিক্ষকতা করতেন তালতলার খিলাং ঘোষ ইন্সটিটিউশনে। মধ্য কলকাতার শিয়ালদহ বাজার, কোলে মার্কেট, মানিকতলা বাজার এবং জানবাজার বিখ্যাত। জানবাজারে রানী রাসমণির বসতবাড়ি। এই বাড়িতে বিদ্যাসাগর, মাইকেল এবং রামকৃষ্ণদেবের যাতায়াত ছিল।

পটলডাঙায় বসবাস করতেন টেনিদা চরিত্রের সৃষ্টিকর্তা কথাসাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায় এবং তাঁর স্ত্রী আশা দেবী। ১৩৪ নম্বর মুক্তরামবাবু স্ট্রিটে মেস বাড়িতে থাকতেন শিবরাম চক্রবর্তী। ৬৬ নম্বর হ্যারিসন রোডের মেস বাড়িতে থাকতেন শরদিন্দু বন্দ্যোপাধ্যায় এবং কবি জীবনানন্দ দাস। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় এই মেস বাড়ি থেকেই ব্যোমকেশ চরিত্র নির্মাণ করেন। ৩২ নম্বর গোপী বোস লেনে ক্ষুদিরাম এবং প্রফুল্ল চাকীকে কিংসফোর্ডকে মারার প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। কলেজ স্কোয়ার অঞ্চলে স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয় থাকার ফলে বহু প্রকাশক এখানে প্রকাশনা সংস্থা খুলে বই বাজার সৃষ্টি করল। মিত্র ও ঘোষ, দেব সাহিত্য কুটির, এম সি সরকার এর মতো বহু খ্যাতনামা প্রকাশক এখানে বইয়ের ব্যবসা শুরু

করল। উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় তাঁর স্মৃতিকথায় লিখেছেন যে তাঁর ভাগ্নে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বউবাজারের একটি মেসে বসবাস করার সময়ে *চরিত্রহীন* উপন্যাসটি রচনা করে। অমৃতলাল বসুর ব্যঙ্গচিত্র ‘চ্যাটুজে-বাডুজো’, রাজশেখর বসুর ছোট গল্প ‘বিরিঞ্চিবাবা’, সাধন সরকারের ‘জয় মা কালী বোর্ডিং’, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘হোলি’ এবং নারায়ণ গঙ্গোপাধ্যায়ের উপন্যাস ‘একতলা’ কালজয়ী মেস-সাহিত্য। গত শতকের পাঁচ-ছয়-সাতের দশকে বাংলা সিনেমায় মেস বাড়ি

প্রাধান্য লাভ করেছিল। ‘সাড়ে চুয়াত্তর’, ‘বসন্ত বিলাপ’ এদের মধ্যে অন্যতম। কলেজ স্কোয়ারের ‘ব্যাপটিস্ট স্টুডেন্টস হল’ ছাত্রদের মেস ছিল। এখানেই প্রতিষ্ঠিত হল ‘ক্যালকাটা ইউনিভার্সিটি ইন্সটিটিউট’ (১৮৯১), ‘মহাবোধি সোসাইটি’ (২৬ নভেম্বর ১৯২০) এবং ‘বেঙ্গল থিয়োজফিক্যাল সোসাইটি’ (৬ এপ্রিল ১৮৮২)। শতবর্ষ অতিক্রান্ত বিখ্যাত চায়ের আড্ডার দোকান ‘ফেভারিট কেবিন’ এবং শরবতের দোকান ‘প্যারামাউন্ট’ আজও জনপ্রিয়।

Centenary Tribute: Remembering Sukanta, Salil, Ritwik and Mahasweta

The Asiatic Society, Kolkata organized a One-Day Seminar on 'Centenary Tribute: Remembering Sukanta, Salil, Ritwik and Mahasweta' on 6th April 2026, which was jointly coordinated by Dr. Chandramalli Sengupta and Dr. Satarupa Dattamajumdar, Life Members of the Society. After the welcome address by the Administrator Lt.Col. Anant Sinha, the theme of the seminar was introduced by Dr. Chandramalli Sengupta.



Dr. Chandramalli Sengupta at the Seminar

The First Academic Session commenced with Dr. Pritam Chakrabarty deliberating on the topic 'Mahasweta Kalame Sekal-Ekal: Akswar Theke Bohuswar'. His deliberation highlighted the Bengali writer-activist's contribution towards the protection of rights and empowerment of the tribal people like Lodha and Shabar, especially in the context of West Bengal. Dr. Chakrabarty elucidated the suffering and marginalization of the women in the society with sensitivity, as depicted in the literary works of Mahasweta Devi like 'Aranyer Adhikar', 'Hajar Churasir Ma' and such others.

Novelist and critic Sri Subhomoy Mandal in his talk on 'Sukanta Akti Samayer Nam' presented Sukanta Bhattacharya as a Marxist poet, who employed his pen against social aggression, the second world war, Bengal famine, communal riots etc. Sri Mandal highlighted the works of Sukanta in which the author has penned the sufferings of the common people and their struggle for existence, for an exploitation-free society, a feeling intensely influenced by the communist ideology of the poet.

Film critic Professor Sanjay Mukhopadhyay in his discussion on 'Ritwiker Rabindranath' remembered the renowned filmmaker, screenwriter, actor, and playwright from the point of view of his scrupulous handling in portraying



Dr. Satarupa Dattamajumdar at the Seminar


social reality, partition, and feminism in his films. He showed the indelible influence that Tagore had upon Ritwik's creative psyche by discussing the detailed nuances of his well-known partition-trilogy, 'Meghe Dhaka Tara', 'Komol Gandhar' and 'Subarnarekha' along with 'Titash Akti Nodir Nam', thus refuting the wrong allegation of Ritwik not being Rabindra-oriented.

The Second Academic Session was a lecture-demonstration by Dr. Parashmani Dasgupta, researcher and music critic and Sri Kankan Bhattacharya, music critic and singer. Dr. Dasgupta spoke about the life and works of Salil Chowdhury, his childhood during the colonial rule, his childhood talent of playing musical instruments and flute. As a music director, songwriter, and lyricist the legendary music composer's influence and synthesis of western music with Indian music and his socialist influence were also discussed at length. The shift in paradigm in the social consciousness as reflected in Salil Chowdhury's lyrics was also exemplified in his deliberation. Sri Kankan Bhattacharya highlighted Salil's social consciousness, communist ideology, his nationalistic songs by singing and explaining his creativity and his deep understanding of the bond between music and lyrics. Finally, Sri Kankan Bhattacharya and Dr. Parashmani Dasgupta enriched the audience by singing Salil's 'Abak Prithibi', 'Bidroho Caridike', and 'Eso Nababarso' songs.

The seminar was concluded with recapitulation of all the deliberations of the seminar and with Vote of Thanks by Dr. Satarupa Dattamajumdar.



Lieutenant Colonel Anant Sinha, Administrator, with the dignitaries at the Seminar



সত্যনারায়ণ-সত্যপীর পুথি : সমন্বয়বাদ ও বাঙালি সংস্কৃতি

লেখক: আজাজুল আলি খান

প্রকাশক: বঙ্গীয় সাহিত্য সংসদ

প্রথম প্রকাশ: সেপ্টেম্বর ২০২৫

পৃষ্ঠা সংখ্যা: ১৫২

ISBN-978-93-49009-65-3

মূল্য: ২৫০/-

ভারত উপমহাদেশে সভ্যতার ঐতিহ্য সুপ্রাচীনকাল থেকে বিভিন্ন ভাষা, বিভিন্ন মত, বিভিন্ন আচার-সংস্কৃতির ভিন্নতা থাকলেও বিনি সুতোয় গাঁথা এ এক সমন্বয়বাদী মালা। যা আগেও ছিল এখনও বিরাজমান। তরুণ গবেষক লেখকের অনুসন্ধান এই উপমহাদেশের এক ক্ষুদ্র ভৌগোলিক খণ্ডকে আতস কাচের তলায় অনুসন্ধিৎসার মননে যাচাই করে পাঠক সমাজের কাছে উত্থাপন করা।

রবীন্দ্রনাথের ‘ভারততীর্থ’ কবিতায় কবির ভাষায় “শক-হুন-দল পাঠান মোগল/এক দেহে হল লীন” এই উপলব্ধি কতদিন আগেকার। ভারতবাসীর রক্তের শুদ্ধতা কতটা? ভ্রমের স্বর্গে বাস করা। কেন আমরা সমন্বয়বাদী মানসিকতায় একে অপরকে কাছে টেনে নিতে এত অপরাগ এটা খুবই বিতর্কিত এক প্রশ্ন। এক একটা সংস্কৃতির ঢেউ এসেছে, ভারতীয় মানব সমাজে তা গৃহীত হয়েছে অনেক অনেক বিবর্তনে ভারতবর্ষের বসবাসকারী মানব সমাজের প্রতিটি স্তরে সমন্বয়ের বীজ প্রথিত করে গিয়েছে। লেখকের অনুসন্ধান এমনই এক বিস্মৃত অধ্যায়কে নিয়ে।

বিষয় ‘সত্যনারায়ণ সত্যপীর’ নামটির মধ্যেই মধ্যকালীন বাংলার সংস্কৃতির এক সমন্বয়বাদী দৃষ্টিকোণকে নিবিড় অনুসন্ধিৎসায় পর্যালোচনা করা হয়েছে। লেখক বইটিতে ছয়টি অধ্যায় এবং একটি উপসংহারে আলোচনার সীমাবদ্ধ করেছেন।

এছাড়া রয়েছে তথ্যপঞ্জীর বিশাল ভাণ্ডার। প্রথম অধ্যায় সত্যনারায়ণ-সত্যপীর-পুথি-একটি সমীক্ষা; দ্বিতীয় অধ্যায়—সত্যনারায়ণ-সত্যপীরের উদ্ভব ও বিকাশ; তৃতীয় অধ্যায়—বাংলার রাজনৈতিক-অর্থনৈতিক-সামাজিক প্রেক্ষাপটে সত্যনারায়ণ-সত্যপীর; চতুর্থ অধ্যায়—বাংলার সমাজজীবনে সত্যনারায়ণ-সত্যপীর ও সর্বভারতীয় রূপ; ষষ্ঠ অধ্যায়—রচনারীতি।

‘সত্যনারায়ণ-সত্যপীর’ এক গ্রাম্য মননের সমন্বয়বাদী লোকদেবতা। গ্রাম্য জনমননের বহির্প্রকাশ তার মাহাত্ম্য কীর্তনে বেশ কিছু পুথি। এই পুথিগুলির অন্বেষণ এবং মননশীল বীক্ষণে সুস্পষ্ট হয়েছে লেখকের সমন্বয়বাদী চিন্তা। সত্যনারায়ণকে বিষুণ্ড তথা পৌরাণিক ঐতিহ্যের সঙ্গে সত্যপীর-ইসলাম তথা সুফি বা পীরবাদী উদার মতবাদের সমন্বয়কে উপস্থাপন করেছেন লেখক। গবেষণায় সংস্কৃতির সংশ্লেষ এবং মিশ্রণ সন্দর্ভটির বিশেষ দিক। মধ্যযুগীয় বাংলা সাহিত্যের এক ধারাকে সুস্পষ্টভাবে উপস্থাপন বইটির গুরুত্ব বৃদ্ধি করেছে।

চৈতন্য নেতৃত্বে ভক্তি আন্দোলনের ধারা বাংলার রাজনৈতিক সামাজিক সাংস্কৃতিক পরিমণ্ডলে এক পরিবর্তনের আবহ তৈরি করেছিল, বলাই বাহুল্য আদি মধ্য যুগের রাজনৈতিক সামাজিক ধর্মীয় এবং সাংস্কৃতিক প্রবাহ বাংলায় ইসলাম আগমনের সাথে সাথে ঐতিহ্যবাহী জনধারায় পরিবর্তন এনেছিল।

বিশেষ করে সনাতনী পৌরাণিক মতধারা, বৌদ্ধ মতধারা, লোকায়ত মতধারা, জৈন মতধারা ক্রমশ এক নতুন রূপ পরিগ্রহ করে। বিভিন্ন মতধারার সংমিশ্রণে সত্যনারায়ণ-সত্যপীরের উদ্ভব। একথা সঠিকভাবে কিছু বলার আগে যে তথ্য প্রমাণের প্রয়োজন তার অপ্রতুলতা তর্ক-বিতর্কের আহ্বান করেছে এবং ভবিষ্যতেও করবে। কিন্তু বর্ণবাদী পৌরাণিক হিন্দু সমাজ, লোকায়তিক সমাজ এবং নব্য ইসলাম ধারার অনুসারী সমাজ তাদের স্তরে এই সমন্বয় মতাদর্শকে জনকল্যাণে উপস্থাপন করেছিল। খ্রিস্টীয় ষোড়শ থেকে অষ্টাদশ শতকের মধ্যে এই নবধারার বহির্প্রকাশ পুথির মাধ্যমে প্রকাশিত হলেও, মনে হয় এর সমন্বয় চেতনার

দানা বেঁধে ওঠা আরও কিছু কাল পূর্বে। লোকায়ত সমাজের স্তর এবং অন্তঃস্তরে এর বীজ প্রোথিত হয়ে গিয়েছিল সমকালীন কিছু দার্শনিকের মনন থেকে। যা এক নবরূপে মানব কল্যাণে গাওয়া হতে থাকে। তবে এই মানব কল্যাণের আহ্বান শুধুমাত্র বাংলার ভৌগোলিক সীমানায় নয়, উড়িষ্যা, পূর্ব বিহার অঞ্চলেও প্রসারিত ছিল। মধ্যযুগের বাংলা এবং পূর্ব ভারতের মনন সংস্কৃতির সমন্বয়ি ভাবধারা নিয়ে আরও ব্যাপক গবেষণার প্রয়োজন। বর্তমান লেখক সূত্রপাত করলেন একুশ শতকের সন্তান হয়ে। যা প্রশংসার দাবী রাখে।

রঙ্গনকান্তি জানা

আজীবন সদস্য, দি এশিয়াটিক সোসাইটি

ANNOUNCEMENT

All communications relating to publication should be addressed to
The Publication Officer, THE ASIATIC SOCIETY, 1 Park Street, Kolkata-700016,
e-mail : asiaticsocietypublications1788@gmail.com

Visit our website : <https://asiaticsociety.culture.gov.in>

- ❑ Information about Books and Journals may be obtained from the Publication Officer, The Asiatic Society, 1 Park Street, Kolkata-700016
- ❑ Customers, when order directly to the Society, are requested to observe the following rules:
 - Orders should be addressed to the Publication Officer, The Asiatic Society, Kolkata
 - Payment should be made to the **Account No. 10959203687, IFSC : SBIN0000150**. In case of all purchase, payments to be made in advance.
 - The Name, Address, e-mail id and Contact Number to whom the books are to be sent should be written in block letters.


DISCOUNT POLICY (wef 26.08.2024)

Gross Amount		% of discount
BOOKSELLERS / AUTHORS		
	Upto Rs. 5000/-	25%
	From Rs. 5001/- to Rs. 10,000/-	33 $\frac{1}{3}$ %
	From Rs. 10,001/- to Rs. 50,000/-	40%
	Rs. 50,001 and above	50%
ACADEMIC INSTITUTIONS/LIBRARIES		25% on all purchase
INDIVIDUAL		10% on all purchase

from
April 2025
to
March 2026



Banabibir Jahuranama
edited by Biswajit Halder
₹ 765




**A Descriptive Catalogue of
Sanskrit Manuscripts in the
Collection of The Asiatic
Society, Volume IV :
Philosophy**
compiled by Bibekananda
Banerjee and edited by
Subuddhi Charan Goswami
₹ 1575



**The Vedas and the Indian
Civilization**
by Samiran Chandra
Chakrabarti
₹ 1250




**An Illustrated
Catalogue of Oil
Paintings in the
Collection of The
Asiatic Society**
by Isha Mahammad and
Somnath Mukherjee
₹ 2500



**Theodor W. Adorno's Wall
Clock**
by Amit Mukhopadhyay
₹ 1620




**Impact of Culture and
Economic Environment on
Empowerment of Women
Engaged in Self-Help
Group Activities : A Study
of Selected States in North-
East India**
by Sharmistha Banerjee and
Arijita Dutta
₹ 600



Bengal Nawabs
translated into English by
Jadunath Sarkar
₹ 650



Renascent Bengal
with a Foreword by Ramesh
Chandra Majumdar
₹ 250




**Vidyasagar : Ekush Sataker
Chokhe**
edited by Pallab Sengupta and
Amita Chakravarti
₹ 300



Tantraloka by Abhinavagupta
translated into Bengali with an
introduction by Sukhamay
Bhattacharyya
₹ 870



Samgita Damodara
translated into Bengali
by Mahua Mukherjee
₹ 560




**Late Mediaeval Temples of
Bengal : Origin and
Classification**
by David J. McCutcheon
₹ 600



**The Akbarnama of Abul
Fazl, Set of Three Volumes**
translated from Persian by
H. Beveridge
₹ 5650



**Studies in Santal Medicine
and Connected Folklore**
by Rev. P. O.
Bodding
₹ 1740



**Jayananda Birachita
Chaitanyamangala**
edited by Biman Behari
Majumdar and Sukhamay
Mukhopadhyay
₹ 750